



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-৩৫

তারিখ: ১৯ এপ্রিল, ২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়: এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ এর নীরব বহিষ্কার বাতিল প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের “পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা-২০২৬” এর নিম্নোক্ত ১৫ এর (৯) নং অনুচ্ছেদটি এতদ্বারা বাতিল করা হলো।

অনুচ্ছেদ ১৫ এর (৯): কোন পরীক্ষার্থীকে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ্যে বহিষ্কার করলে যদি আইনশৃঙ্খলার অবনতি হওয়ার আশঙ্কা থাকে অথবা কক্ষ ইনভিজিলেটরসহ পরীক্ষা সংক্রান্ত দায়িত্বে নিয়োজিত কোন কর্মকর্তার নিরাপত্তা বিঘ্নিত হওয়ার সম্ভাবনা থাকে, কেবলমাত্র সেই ক্ষেত্রে নীরব বহিষ্কার করা যাবে। তবে বিষয়/পত্রের পরীক্ষা শেষে ইনভিজিলেটরকে সুস্পষ্ট বিবরণসহ প্রতিবেদন প্রস্তুত করে উত্তরপত্র আলাদা প্যাকেটে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর পাঠাতে হবে।

এই বিজ্ঞপ্তি জারির তারিখ থেকে কার্যকর হবে।

কেন্দ্র সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন

এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ এর কেন্দ্র সচিব

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫.৩৫(১০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২) সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৪) জেলা প্রশাসক (সকল জেলা)।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
- ৬) বোর্ডের সকল কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮) অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক (সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান)।
- ৯) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
- ১০) সংশ্লিষ্ট নথি।


(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৫০০৬৫২৫ (অফিস)

তারিখ: ১৯ এপ্রিল, ২০২৬ খ্রিঃ

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)

ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)